

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.npo.gov.bd

নং-৩৬.১০.০০০০.০০৩.১৮.০০১.১৫- ৭০৮

তারিখ : ২১/০৯/২০১৭

বিষয় : ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর “কল্যাণ কর্মকর্তা” মনোনয়ন প্রসঙ্গে।


অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এর স্মারক নং অম/অবি/বিধি-১/ওসি-২৬/৮৬(অংশ-২)/১৩৫, তারিখঃ ০৮-১০-২০০১ এর ২.০১ অনুচ্ছেদ অনুযায়ী ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ জহুরুল ইসলামকে এ দপ্তরের “কল্যাণ কর্মকর্তা” মনোনীত করা হলো। তিনি উক্ত স্মারকের ২.০৪ এবং ২.১১ অনুচ্ছেদে বর্ণিত নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করবেন।

২.০৪। অবসর গ্রহণকারীদের তালিকা প্রণয়ন ও প্রেরণ :

এ দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে যারা পরবর্তী পঞ্জিকা বর্ষে অবসর উত্তর ছুটিতে যাবেন তাঁদের নাম, পদবী, কর্মস্থল, জন্ম তারিখ, অবসর গমনের তারিখ, অবসর উত্তর ছুটি আরম্ভের তারিখ ইত্যাদি উল্লেখপূর্বক একটি তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে (প্রতি জানুয়ারি, এপ্রিল, জুলাই ও অক্টোবর মাসে) হালনাগাদ করে তালিকার অনুলিপি হিসাব রক্ষণ অফিস ও আবাসন পরিদপ্তরে (সরকারি বাসায় বসবাসকারীদের ক্ষেত্রে) অবসর উত্তর ছুটি আরম্ভের তারিখের কমপক্ষে এক বছর পূর্বে প্রেরণ করবেন।

২.১১ পেনশন কেইস নিষ্পত্তির অগ্রগতি পরিদর্শন ও মনিটরিং :

- (ক) নির্ধারিত সময়সূচি অনুযায়ী পেনশন মঞ্জুরী কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে কিনা তা নিয়মিত মনিটরিং করবেন।
- (খ) প্রতি ৩(তিন) মাসে জারীকৃত প্রত্যাশিত শেষ বেতন পত্র (ই, এল, পি, সি), পেনশন পরিশোধ আদেশ (পি, প, ও) ও অন্যান্য তথ্য সম্বলিত একটি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে (প্রতি জানুয়ারি, এপ্রিল, জুলাই ও অক্টোবর মাসে) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগে নিয়মিত প্রেরণ করবেন।
- ২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(এস. এম. আশরাফুজ্জামান)
পরিচালক (যুগ্ম সচিব)।
ফোন : ৯৫৯২৮৮৩
npobangla@yahoo.com

জনাব মোঃ জহুরুল ইসলাম
প্রশাসনিক কর্মকর্তা, এনপিও।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। সচিব
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।

অনুলিপি কার্যার্থে :

- ✓ জনাব মোঃ আমিনুল ইসলাম
সহকারী প্রোগ্রামার, এনপিও।
(এনপিও'র ওয়েব সাইটে প্রকাশের জন্য)